হে আল্লাহর রাসূল! যদি কেউ আমার সম্পদ ছিনিয়ে নিতে উদ্যত হয় তবে আমি কি করব?

আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: এক ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে জিজ্ঞেস করল, হে আল্লাহর রাসূল! যদি কেউ আমার সম্পদ ছিনিয়ে নিতে উদ্যত হয় তবে আমি কি করব? তিনি বললেন, “তুমি তাকে তোমার
সম্পদ নিতে দিবে না”। লোকটি বলল, যদি সে আমার সাথে এ নিয়ে মারামারি করে? তিনি বললেন, “তুমি তার সাথে মারামারি করবে”। লোকটি বলল, আপনি কি বলেন যদি সে আমাকে হত্যা করে?
তিনি বললেন- “তা হলে তুমি শহীদ বলে গণ্য হবে”। লোকটি বলল, আপনি কি মনে করেন, যদি আমি তাকে হত্যা করি? তিনি বললেনঃ “সে জাহান্নামী”। [সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

এক ব্যক্তি নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে বলল, হে আল্লাহর রাসূল, আপনি কী বলেন যদি কোন লোক এসে আমার সম্পদ নিতে চায়? তিনি বললেন: তুমি তার কাছে আত্মসমর্পণ করতে এবং তাকে তোমার টাকা দিতে বাধ্য নও। সে বলল: আপনি কী লক্ষ্য করেছেন যদি সে আমার সাথে মারামারি করে? তিনি বললেন: তার সাথে মারামারি করা তোমার জন্য জায়েয। সে বলল: যদি সে আমাকে মেরে ফেলে? তিনি বললেন: তাহলে তুমি শহীদ। সে বলল: আপনি লক্ষ্য করেছেন কী যদি আমি তাকে মেরে ফেলি? তিনি বললেন: কিয়ামতের দিন সে জাহান্নামে শাস্তি পাওয়ার যোগ্য।

https://sunnah.global/hadeeth/bn/show/3557